

## ৫৩ বছর পূর্তিতে মাসজুড়ে আরণ্যকের উৎসব

দেশের অন্যতম প্রাচীন নাট্যদল 'আরণ্যক' প্রতিষ্ঠার ৫৩ বছর পূর্ণ করতে যাচ্ছে। এ উপলক্ষে ভাষার মাস ফেব্রুয়ারি জুড়ে নানা আয়োজনের পরিকল্পনা করেছে দেশের প্রাচীন এই নাট্যদলটি। এই আয়োজনে মঞ্চে নাটকের প্রদর্শনী, পথনাটক, ভিডিও ডকুমেন্টারি প্রদর্শনী এবং সেমিনার, যন্ত্রসঙ্গীতের আসর থাকছে। ঢাকার মহিলা সমিতি মিলনায়তন এবং জাতীয় নাট্যশালার মঞ্চে এই উৎসব হবে। ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসে স্বাধীন বাংলাদেশে নাট্যচর্চায় যাত্রা শুরু করে আরণ্যক। ওই বছরের ২০ ফেব্রুয়ারি শহীদ মুনীর চৌধুরীর 'কবর' নাটকটি দিয়ে প্রথম মঞ্চে আসে তারা।

## রুনা লায়লার সঙ্গে প্রথমবার দ্বৈত গানে বাপ্পা

উপমহাদেশের প্রখ্যাত শিল্পী রুনা লায়লার সঙ্গে দ্বৈত গানে কণ্ঠ দিলেন বাপ্পা মজুমদার। 'বলেছ' শিরোনামের গানটি গীতিকবি সৈয়দ গালিব হাসানের লেখা। এই গানের সুর ও সঙ্গীতায়োজনও করেছেন বাপ্পা মজুমদার নিজে। গত ৮ জানুয়ারি সুরকারের নিজস্ব স্টুডিওতে গানটির রেকর্ডিং সম্পন্ন হয়। অনেকটা নাটকীয় ঘটনার মধ্য দিয়েই রুনা লায়লার সঙ্গে দ্বৈত গান গাওয়ার সুযোগ হয়েছে বাপ্পা মজুমদারের। শুরুতে রুনা লায়লার কণ্ঠে একক গান হিসেবে রেকর্ড করার কথা ছিল। সেই পরিকল্পনা অনুযায়ী বাপ্পার সঙ্গে গানের কথা, সুর ও সঙ্গীতায়োজনের কাজ শেষ করা হয়। কিন্তু শেষ মুহূর্তে রুনা লায়লা 'বলেছ' গানটি দ্বৈত কণ্ঠে রেকর্ড করার প্রস্তাব দেন। সেই সঙ্গে উপস্থিত সবাইকে চমকে দিয়ে গানটিতে সহশিল্পী হিসেবে বাপ্পাকে গাইতে বলেন। আর এভাবেই দুই শিল্পীর প্রথম দ্বৈত গানের জন্ম হয়।






## কোরিয়ান ড্রামায় কণ্ঠ দেবেন মিথিলা

বিশ্বজুড়ে কোরিয়ান ড্রামার জয়জয়কার। বাংলাদেশেও রয়েছে প্রচুর দর্শক। তাদের জন্য জনপ্রিয় ড্রামাগুলো বাংলায় ডাবিং করে প্রচারিত হয়। এবার কোরিয়ান ড্রামা 'ডিসেন্ডেন্টস অব দ্য সান' (ডটস)-এর সঙ্গে যুক্ত হলেন রাফিয়াত রশিদ মিথিলা। ড. ইউন মিউং জুর চরিত্রে বাংলা ডাবিংয়ে কণ্ঠ দেবেন তিনি। এ সিরিজটির বাংলা ডাবিংয়ের দায়িত্বে আছেন খালিদ হোসেন অভি। মিথিলা এরই মধ্যে 'ডটস'-এর সঙ্গে যুক্ত হয়েছেন। তিনি যে চরিত্রে ডাবিং করবেন, পর্দায় সেই চরিত্রে আছেন দক্ষিণ কোরিয়ার অভিনেত্রী কিম চি ওয়ান। মিথিলার ভাষ্য, 'কোরিয়ান ড্রামায় ডাবিং করার অভিজ্ঞতা আমার জন্য একদম নতুন হবে। কারণ, ভয়েস আর্টিস্টদের কাজটা সহজ নয়। শুধু সংলাপ বললেই হয় না। ঠোঁট মেলানো, চরিত্রের বৈশিষ্ট্য ও ইমোশন কণ্ঠে ধারণ করা, এসব ব্যাপারে নজর রাখতে হয়। চেষ্টা করবো ভালো কিছু করার।'

## 'ক্ষতিকর পণ্যে'র বিজ্ঞাপনের পক্ষে শাহরুখ

বলিউডের সুপারস্টার শাহরুখ খান সফট ড্রিঙ্ক পণ্যের প্রচারে অংশ নিয়ে পড়েছিলেন সমালোচনার মুখে। সেবার অনেকেই দাবি করেছিলেন সফট ড্রিঙ্ক শিশুদের জন্য ক্ষতিকর। এর প্রতি উত্তরে শাহরুখ খান জানান সফট ড্রিঙ্ক যদি ক্ষতিকরই হয় তবে তার উৎপাদন ও বিক্রি নিষিদ্ধ হওয়া উচিত। কিন্তু সেটি না করে পণ্য প্রচার নিয়ে আপত্তি তোলা একেবারেই উচিত নয় বলে তিনি মনে করেন। কর্তৃপক্ষের প্রতি আমার আহ্বান এমনই থাকবে। আপনারা নিষিদ্ধ করুন। আমাদের দেশে বিক্রি করতে দেবেন না। যদি আপনি মনে করেন এটি শিশুদের জন্য ক্ষতিকর, তাহলে নিষিদ্ধ করুন। ধূমপান ক্ষতিকর তাহলে দেশে সিগারেটের উৎপাদন হতে দেবেন কেন? যদি মনে করেন কোমল পানীয় ক্ষতিকর, তবে তারও অনুমতি দেবেন না।




## পদ্মশ্রী পাচ্ছেন অরিজিৎ সিং

ভারত সরকারের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক নাগরিক সম্মাননা পদ্মশ্রী পাচ্ছেন সঙ্গীতশিল্পী অরিজিৎ সিং এবং পশ্চিমবঙ্গের ৮ কৃতী ব্যক্তিত্ব। ২৬ জানুয়ারি ভারতের প্রজাতন্ত্র দিবসে এই পুরস্কার ঘোষণা করা হয়েছে। ২০০৫ সালে সনি এন্টারটেইনমেন্ট টেলিভিশনের জনপ্রিয় প্রতিভা খোঁজার শো 'ফেম গুরুকুল'-এ অংশগ্রহণ করার মাধ্যমে সঙ্গীত জগতে পদার্পণ করেছিলেন অরিজিৎ। তিনি শুধু হিন্দি গানে নয়, বরং বাংলা সঙ্গীত জগতেও অত্যন্ত জনপ্রিয়। টলিউড সিনেমায় তার গাওয়া অসংখ্য সুপারহিট গান শ্রোতাদের হৃদয় ছুঁয়ে গেছে। সঙ্গীত প্রোগ্রামার হিসেবে তার সঙ্গীত জগতে যাত্রা শুরু হলেও, আজ তিনি একটি আলাদা পরিচিতি লাভ করেছেন।



## মোশাররফ করিমের কণ্ঠে সিনেমার গান




অভিনেতা মোশাররফ করিম গান করেন, এটা তার সহশিল্পীরা কমবেশি সবাই জানেন। বিভিন্ন আড্ডায় গান গেয়ে মাতিয়ে রাখেন তিনি। এবার তিনি গাইলেন সিনেমায়। ফজলুল কবীর তুহিনের 'বিলডাকিনি' সিনেমায় প্রথমবারের মতো প্লেব্যাক করলেন তিনি। 'ভালো ভালো লাগে না' শিরোনামের গানটির কথা ও সুর মোশাররফ করিমের। সিনেমায় ঠোঁটও মিলিয়েছেন তিনি। সম্প্রতি জি সিরিজের ব্যানারে প্রকাশিত হয় গানটি। গানটি প্রেক্ষাপট অনুযায়ী সিনেমার একটি জেলখানার দৃশ্যে ব্যবহার করা হবে। ফজলুল কবীর তুহিন জানান, আমরা প্রায়ই আড্ডায় এই গানটি গাই। সিনেমার সিকোয়েন্সে এটি দারুণভাবে মানিয়ে যায়। সিনেমার পরিচালক আরও বলেন, মোশাররফ করিম ভাইকে যখন জানালাম যে গানটি তাকে গাইতে হবে, তিনি দ্বিধা না করে সম্মতি জানান এবং এরপর গানটি রেকর্ড হয়।

## তোপের মুখে কেনি ওয়েস্ট

একের পর এক বিতর্কের মুখে পড়ছেন মার্কিন পপ তারকা কেনি ওয়েস্ট। সম্প্রতি নিজের স্ত্রীর একটি ভিডিও ধারণ করে তা স্যোশাল মিডিয়ায় পোস্ট ফের বিতর্কের জন্ম দেন এই তারকা। গত ৫ জানুয়ারী ছিল বিয়াঙ্কার জন্মদিন। সেদিন বাথটবে স্নানরত স্ত্রী বিয়াঙ্কা সেন্সুরির নগ্ন ভিডিওটি ধারণ করেন তিনি। আর সেই ভিডিও পোস্ট করেন সোশাল মিডিয়ায়। নেটিজেনদের দাবি, বিয়াঙ্কা সেই সময় নেশাগ্রস্ত ছিলেন। আর সেই সুযোগ নিয়ে ভিডিওটি তোলেন ওয়েস্ট। বিতর্কের পাতায় কেনির নাম আগে একাধিকবার এসেছে। ২০২৩ সালে আবার ইটালির রাস্তায় কেনি ও বিয়াঙ্কার 'ন্যুড' পোশাক পরে রাস্তায় হাঁটছিলেন বিয়াঙ্কা। সে সময়ও ছবি ঘিরেও ছিল বিতর্ক। ইলন মাস্কের সঙ্গে প্রকাশ্যে বাগবিতণ্ডায় জড়িয়েছিলেন তিনি। এজন্য খেসারতও দিতে হয়েছে। কেনির টুইটার অ্যাকাউন্ট সরিয়ে দিয়েছিলেন ইলন।





## আট শহরে সিনেমা বানাবেন আট নির্মাতা

সংস্কৃতির বিকাশ ও বিকেন্দ্রীকরণের জন্য বাংলাদেশের আটটি বিভাগীয় শহরে কর্মশালাভিত্তিক চলচ্চিত্র নির্মাণের উদ্যোগ নিয়েছে সংস্কৃতি মন্ত্রণালয়। এ লক্ষ্যে ৮ জন পরিচালক নির্বাচন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। নির্বাচিত এই আটজন চলচ্চিত্রকার হলেন অনম বিশ্বাস, হুমায়রা বিলকিস, নুহাশ হুমায়ূন, শঙ্খ দাশগুপ্ত, শাহীন দিল রিয়াজ, রবিউল আলম রবি, তাসমিয়াহ আফরিন মৌ ও মোহাম্মদ তাওকীর ইসলাম। এই উদ্যোগের মধ্য দিয়ে চলচ্চিত্র নির্মাণ প্রক্রিয়ার সঙ্গে ঢাকা ও ঢাকার বাইরের সৃজনশীল তরুণ প্রজন্ম যুক্ত হবে এবং দেশের বরেণ্য ও মেধাবী চলচ্চিত্রকারদের পরিচালিত কর্মশালায় অংশগ্রহণের মাধ্যমে চলচ্চিত্র নির্মাণ বিষয়ে দক্ষতা অর্জন করবে। নবীন ও প্রশিক্ষিত চলচ্চিত্রকর্মীদের সঙ্গে নিয়ে নির্বাচিত এই ৮ চলচ্চিত্রকার আটটি বিভাগীয় শহর থেকে এ বছর আটটি চলচ্চিত্র নির্মাণ করবেন।

## ভারতে এবারো এগিয়ে দক্ষিণী সিনেমা

ভারতীয় সিনেমার ক্ষেত্রে এক সময় একচেটিয়াভাবে আলোচিত হতো বলিউড। কিন্তু সে আলাপ ভেঙে গেছে অনেক আগেই। এখন আলোচনার শীর্ষে থাকে দক্ষিণ ভারতের সিনেমা। ভারতের পুরো ইন্ডাস্ট্রি মূলত এখন দুই ভাগে বিভক্ত। একদিকে বলিউড আরেক দিকে দক্ষিণ ভারত। একটা সময় পাঞ্জাবের সিনেমা নিয়ে আলাপ উঠতে শুরু করেছিল, তবে তা থেমে গেছে শুরু না হতেই। এখন





আলাপ মূলত উত্তর আর দক্ষিণ নিয়ে। আরো স্পষ্ট করে বলতে গেলে, হিন্দিভাষী সিনেমা বনাম দক্ষিণ ভারতীয় সিনেমা। এর মধ্যে দক্ষিণে আছে তামিল, তেলেগু, মালয়ালম ও কন্নড় সিনেমা। 'বাহুবলী' থেকে শুরু হওয়ার পর 'কেজিএফ' ও সর্বশেষ 'পুষ্পা', 'সালার' দিয়ে দক্ষিণ ভারত নিজেকে প্রতিনিয়ত প্রাসঙ্গিক করেছে।

## মায়ের কণ্ঠে মেয়ের গান

গত বছরের শেষ দিকে প্রকাশ পায় রোদেলার একক গান 'রাজকুমার'। রাজু চৌধুরীর কথায় এহসান রাহীর সুরে গানটির সঙ্গীত পরিচালনা করেছেন সেতু চৌধুরী। গানটি প্রকাশের পর প্রশংসিত হয় রোদেলার গায়কী। এবার রোদেলার রাজকুমার গাইলেন তার মা সঙ্গীতশিল্পী নাজমুন মুনিরা ন্যানসি। গত ২৬ জানুয়ারি প্র্যাকটিস সেশন থেকে ফেসবুক লাইভে এসে রোদেলার গাওয়া রাজকুমার গেয়ে শোনান ন্যানসি। ন্যানসি বলেন, মেয়ের গান এভাবে আগে গাইনি। এবারের গানটি অন্যরকম। গানটি অনেকেরই প্রিয় হয়ে উঠেছে। তার মধ্যে আমিও একজন।




## নিলামে বব ডিলানের গানের খসড়া



২০১৬ সালে সাহিত্যে নোবেল পেয়েছিলেন বব ডিলান। মানুষ তাকে চেনে গায়ক হিসেবে। নোবেল পুরস্কারের তালিকায় তার নাম দেখে সে সময় বিশ্ববাসী চমকে উঠেছিল। কারণ গীতিকার ও সঙ্গীতশিল্পী বব ডিলানের আগে কোনো গায়ক বা গীতিকার সাহিত্যে নোবেল পাননি। ডিলান একাধারে গীতিকার, সুরকার, গায়ক, সঙ্গীত পরিচালক, চিত্রশিল্পী ও লেখক। মানবতাবাদ আর যুদ্ধবিরোধী চেতনা গানে তুলে আনার জন্য তিনি বিখ্যাত। ১৯৭১ সালে 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর মাধ্যমে সংগ্রামরত বাংলাদেশের পাশে ছিলেন বব ডিলান। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান জানায়, বব ডিলানের সঙ্গে সম্পর্কিত ৬০টি আইটেম যুক্তরাষ্ট্রের ন্যাশভিলে নিলামে বিক্রি হয়েছে। এর মধ্যে আছে ১৯৬৫ সালের বিখ্যাত গান 'মিস্টার ট্যাম্বুরিন ম্যান'-এর টাইপরাইটারে লেখা খসড়া। ১৮ জানুয়ারি এক নিলামে এই খসড়াটি ৫০ কোটি টাকার বেশি দামে বিক্রি হয়।

## ৫০০ কোটি সম্পদ দীপিকা পাডুকোনের

'ওম শান্তি ওম' সিনেমায় নবাগত দীপিকা পাডুকোন পেয়েছিলেন শান্তিপ্রিয়ার চরিত্র, যে চলচ্চিত্রে ছিলেন শাহরুখ খানের মতো তারকা, দীপিকার সেই থেকে শুরু। এরপর ক্যারিয়ার এগিয়ে যায় অভিনেত্রীর। ১৭ বছর বলিউডে কাটিয়ে ফেলেছেন তিনি। তবে সম্প্রতি সংবাদমাধ্যম 'টাইমস অব ইন্ডিয়া' জানায় বর্তমানে ৫০০ কোটি রুপির মালিক দীপিকা, প্রতি সিনেমার জন্য ৩০ কোটি রুপি নিয়ে থাকেন। হিসাব বলছে, প্রতি মাসে দীপিকার আয় প্রায় ৩ কোটি রুপি। ওরলিতে ৫ রুমের একটি ফ্ল্যাট রয়েছে দীপিকা-রণবীরের, যার দাম ৪০ কোটি রুপি। মাঝে মধ্যেই ছুটি কাটাতে আলিবাগে ছুটে যান দীপবীর। সেখানেও তাদের একটি বাংলো রয়েছে। সেই বাংলোর দাম প্রায় ২২ কোটি রুপি।






## চিরতরে বন্ধ হচ্ছে মধুমিতা হল

চিরতরে বন্ধ হতে যাচ্ছে ৫৬ বছরের ঐতিহ্যবাহী মধুমিতা হল। সিনেমা নেই, লোকসানে আর হলটি চালাতে চাচ্ছেন না কর্তৃপক্ষ। তাই অবশেষে বন্ধের সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ। জানা যায়, সর্বশেষ নভেম্বরে হলটিতে মুক্তি পেয়েছিল 'দরদ' সিনেমা। এরপর দুই মাস ধরে হলটি বন্ধ রয়েছে। কোনো সিনেমা মুক্তি পায়নি। যার দরুণ এভাবে হল বন্ধ রেখে স্টাফদের বেতন দেওয়া সম্ভব হচ্ছে না বলে জানান মধুমিতার কর্ণধার ও চলচ্চিত্র প্রদর্শক সমিতির সাবেক সভাপতি ইফতেখার উদ্দিন নওশাদ। আসছে ঈদে সিনেমা চালাবেন এরপর চিরতরে বন্ধ করে দেবেন দেশের ঐতিহ্যবাহী এই হলটি।

## ভিন্ন এক খবর দিলেন অর্ণব

গানের মানুষ হিসেবেই বেশি পরিচিত শায়ান চৌধুরী অর্ণব। তিনি গান লেখেন, তাতে সুর দেন, সঙ্গীত পরিচালনা করেন এবং সেই গান তুলে নেন কণ্ঠে। চিত্রশিল্পী হিসেবেও সুনাম রয়েছে তার। এবার অর্ণবের নামের সঙ্গে যুক্ত হচ্ছে নতুন পরিচিতি। এবারের একুশে বইমেলায় প্রথমবারের মতো লেখক হিসেবে হাজির হচ্ছেন তিনি। বইটির নাম রাখা হয় অর্ণবের জনপ্রিয় গানের নামানুসারে। 'হোক কলরব' নামের গীতিকবিতার বইটি প্রকাশ করবে কিংবদন্তি পাবলিকেশন। প্রচ্ছদ করেন অর্ণবের বাবা চিত্রশিল্পী স্বপন চৌধুরী। বইটিতে অর্ণবের সুর করা গানগুলো স্থান পেয়েছে। সঙ্গে থাকছে গান তৈরির পেছনের গল্প। বিদেশি শ্রোতাদের কাছে পৌঁছাতে বাংলার পাশাপাশি রাখা হয়েছে প্রতিটি গানের ইংরেজি অনুবাদ।



## জসীমউদ্‌দীনের কবিতা থেকে ইমনের গান

দুই বছর আগে হেলাল হাফিজের 'প্রস্থান' কবিতা থেকে 'পত্র দিও' শিরোনামের গান তৈরি করেছিলেন সঙ্গীত পরিচালক ইমন। এবার পল্লিকবি জসীমউদ্‌দীনের কবিতা থেকে গান তৈরি করলেন ইমন। কবির 'হলুদ বরণী' কবিতা অবলম্বনে তৈরি হয়েছে 'ফুল নেয়া ভালো নয়' শিরোনামের গানটি। এই গান দিয়ে শুরু হলো ইমন চৌধুরীর নতুন মিউজিক প্রজেক্ট বেঙ্গল সিম্ফনি। সুর ও সঙ্গীত পরিচালনার পাশাপাশি গানটিতে কণ্ঠ দিয়েছেন ইমন চৌধুরী। কবিপরিবারের অনুমতি নিয়েই পল্লিকবির কবিতা থেকে গানটি করা হয়েছে বলে নিশ্চিত করেছেন ইমন চৌধুরী।

